

২৫

ঢাকা বোর্ডের ডিপ্লোমা-ইন-কমার্স পরীক্ষার ফল প্রকাশ

পাসের হার ৫৯.৩৬

স্টাফ রিপোর্টার ॥ ঢাকা বোর্ডের ডিপ্লোমা-ইন-কমার্স পরীক্ষার ফল রবিবার প্রকাশিত হয়েছে। পাসের হার ৫৯ দশমিক ৩৬ ভাগ। পাস করা পরীক্ষার্থীদের মধ্যে ৭২৩ জন প্রথম বিভাগে, ১২০৪ জন দ্বিতীয় বিভাগে এবং ১৬ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হয়েছে। এ বছর পরীক্ষায় মোট অংশ নিয়েছিল ৩ হাজার ২৭৩ জন। পাস করেছে ১৯৪৩ জন। বিভাগওয়ারী ফলাফলে বাংলা সেক্রেটারিয়েল সায়েন্স বিভাগ থেকে ৬৯৫ জন অংশ নিয়ে পাস করে ৩০৫ জন। এর মধ্যে প্রথম বিভাগে ১০৯ ও দ্বিতীয় বিভাগে ১৯৬। পাসের হার শতকরা ৪৩ দশমিক ৮৮। ইংরেজী সেক্রেটারিয়েল সায়েন্সে ৬০১ জনের মধ্যে পাস করে ৩১৪ জন। প্রথম বিভাগে ১১০, দ্বিতীয় বিভাগে ২০১ এবং তৃতীয় বিভাগে ৩। পাসের হার ৫২ দশমিক ২৫। একাউন্টিং বিভাগে ১৮২৮ জনের মধ্যে পাস করে ১২২৭ জন। প্রথম বিভাগে ৪৮৮, দ্বিতীয় বিভাগে ৭২৬ এবং তৃতীয় বিভাগে ১৩। পাসের হার শতকরা ৬৭ দশমিক ১২ ভাগ। বহুভাষী সেক্রেটারিয়েল সায়েন্সে ১৪৯ জনের মধ্যে পাস করে ৯৭ জন। প্রথম বিভাগে ১৬, দ্বিতীয় বিভাগে ৮১। পাসের হার শতকরা ৬৫ দশমিক ১৮ ভাগ।